

## বাংলাদেশের জন্য বিশেষ প্রার্থনা

১। বাংলাদেশে এখন করোনায় অনেক মানুষ আক্রান্ত এবং অকালে মৃত্যুবরণ করছে, প্রার্থনা করবেন যেন ঈশ্বর বাংলার তথা বিশ্বের মাটি থেকে করোনা দূর করেন।

২। এই মহামারী দুর্যোগের সময় বাংলাদেশের ৩/১ অংশ পানির নিচে রয়েছে, অনেক মানুষ বন্যার কারণে তাদের বাড়িঘর হারিয়ে নিঃস্ব হয়ে গেছেন। প্রার্থনা করবেন যেন ঈশ্বর এই দুর্যোগের সময় বাংলাদেশের মানুষকে রক্ষা করেন।

৩। বাংলাদেশ এখনো ১০/৪০ উইন্ডো (সমস্ জায়গায় আজও সুসমাচার প্রচার হয় নাই) সীমারেখায় আছে, প্রার্থনা করবেন ঈশ্বর যেন তার বাংলাদেশে কার্যকারী লোক পাঠান এবং বাংলাদেশে যেন সমস্ যায়গায় আত্মিক জাগরণ তৈরি হয়।

৪। এখনো বিভিন্ন জায়গায় ঈশ্বরের বিশ্বাসীগণ প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে বিভিন্নভাবে অত্যাচারিত হচ্ছে, বিশেষভাবে যারা সুসমাচার নিয়ে কাজ করে তারা বিভিন্ন বৈষম্যের শিকার হচ্ছে। তাদের জন্য প্রার্থনা করবেন যেন ঈশ্বর তার সন্তানদেরকে তার পক্ষের নিচে করে রক্ষা করেন এবং কার্যকর ভাবে তাদের ব্যবহার করেন।

৫। বাংলাদেশে এখনও বিভিন্ন জায়গায় মেয়েদের লাঞ্চিত করা হয় এবং নারী পুরুষের বৈষম্য এখনও দেখা যায়, যার কারণে মেয়েরা বিভিন্ন ভাবে সমজে অবহেলিত হচ্ছে। প্রার্থনা করবেন যেন ঈশ্বর বাংলাদেশ থেকে এই নারী পুরুষের যে বৈষম্য দূর করেন এবং মানুষ শান্তিতে বসবাস করতে পারে।

## <기도 후원자의 편지>

'소망의 여인들'을 알게 된 것은 은혜입니다.

아주 분주하게 일상을 살아가는 저에게, 매월 첫 주 금요일에 있는 '소망의 기도' 모임은 감사가 넘치는 시간입니다. 함께 뜨겁게 찬양하고 기도 드리는 동안 기대감과 설렘과 감사를 누립니다.

아무도 알아주지 않는, 누군지 알 수 없는 무명의 여인들을 위해 하나님께 기도를 심는 일은 아주 의미 있는 일이고 하나님께서 기뻐하시는 일이라 확신합니다.

비록 구체적인 열매가 눈에 보이지 않고 귀에 들리지는 않지만 하나님이 우리의 기도를 사용해서 일하신다는 것에 대해 확실한 믿음을 가지고 있습니다.

기도달력에 있는 기도문 하나하나 간절히 기도하며 세계를 품고 기도한다는 자부심 또한 느낍니다. '소망의 기도'가 소망을 심는 시간이라 믿으며 복을 누리게 되어 감사합니다.

늘 상주해서 일하시는 TWR 사역자들을 축복합니다.

할렐루야!

- 고인숙 집사



## Women of Hope Prayer Calendar

২। প্রতি মাসে প্রকাশিত 'প্রত্যাশাময়ী নারী' নামক প্রার্থনা পঞ্জিকাটি ১০০টি ভাসায় অনুবাদিত হচ্ছে, এবং ৬৫০০০ এরও বেশি মানুষ এক সঙ্গে প্রার্থনা করছে।



2020. 9.

## পারিবারিক হিংস্রতা, মহিলাদের জননেন্দ্রিয়চ্ছেদ

যে মহিলারা পারিবারিক হিংস্রতার স্বীকার তাদের জন্য প্রার্থনা করুন। যে অত্যাচার তাদের কখনও সহ্য করার কথা নয়, সেই অত্যাচারের ভার থেকে তাদের মুক্ত করার জন্য প্রার্থনা করুন। আমরা এই মহিলাদের ঈশ্বরের প্রতি দৃষ্টিপাত করার বিষয় উৎসাহিত করি, যিনি তাদেরকে এই প্রচণ্ড ভার বহন করার পরিবর্তে আশা দেবেন। তারা যেন জানে যে তাদের জন্য সামনে অকল্পনীয় আশীর্বাদ অপেক্ষা করছে। ঈশ্বর একত্রে সমস্ত কিছু মঙ্গলের জন্য করেন।

후원안내

국민은행 851-01-0003-724 북방선교방송

최초 입금 후 사무실로 연락주시기 바랍니다.

## TWR Korea 북방선교방송

서울특별시 관악구 양녕로 15, 월드빌딩 6층  
전화 (02)886-5671 / 이메일 phkorea@twr.or.kr

## আন্তরিক ভাবে প্রার্থনা করছি।

১। পিতা, হিংস্রতা এবং ধর্ষণের ঘটনায় আহতদের আরোগ্য দান কর যাতে তারা জীবনে আনন্দ খুঁজে পেতে পারে এবং তারা নিজেরা সুস্থ পরিবার নির্মাণ করতে পারে। তাদের কাছে প্রকাশ কর যে তুমি, তাদের সৃষ্টিকর্তা, তাদের যন্ত্রণা দেখ, তাদের সঙ্গে শোক প্রকাশ কর এবং তাদেরকে আরোগ্য দান কর। (গীত ১৪৭:৩)

২। প্রভু, আমরা প্রার্থনা করি যে বোনাদের মহিলা এবং বালিকারা যেন সেই সমস্ত লোকদের সঙ্গে জড়িয়ে না পড়ে যারা তাদেরকে হিংস্রতার সংস্কৃতির মধ্যে পরিচালিত করে। (গীত ১৪০:৫)

৩। প্রভু, আমরা তানজানিয়ার সংস্কৃতির মধ্যে পরিবর্তনের জন্য প্রার্থনা করি যারা আজও মহিলাদের জননেন্দ্রিয়চ্ছেদ প্রথাটি চালিয়ে যাচ্ছে। যারা এই প্রথাটির অবলুপ্তির জন্য অরুান্ত পরিশ্রম করছেন সেই সকল পথ প্রদর্শকদের উৎসাহিত করুন।

৪। প্রভু, আমরা প্রার্থনা করি যাতে ইন্টারনেটে হিংস্রতা এবং যৌন অত্যাচারের প্রচার বন্ধ হয় যেহেতু ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী রোমানিয় বাবা মায়েদের মধ্যে সচেতনতা প্রচার করছে যাতে তারা তাদের সন্তানদের অনলাইনের সময়টির উপর নজর রাখে। (হিতোপদেশ ২:১১)

৫। ঈশ্বর, অনুগ্রহ করে মহিলাদের উপর হিংস্রতার বিষয়ে ইন্দোনেশীয় জাতীয় কমিশনকে প্রজ্ঞা দাও কারণ তারা মহিলাদের মানবাধিকারের পক্ষে দাঁড়ানোর এবং মহিলাদের উপর সমস্ত অত্যাচার নিবারিত করার চেষ্টা করছে। (ইয়োব ১২:১৩)

৬। পিতা, আমরা জানি যে ঘরোয়া অত্যাচারের মধ্যে বড় হয়ে ওঠা শিশুরা বেশির ভাগ সময়েই বড় হয়ে অত্যাচারীতে পরিণত হয়। আমরা প্রার্থনা করি যাতে বাবা মায়েরা তাদের সন্তানদের ভালোবাসেন এবং ঈশ্বরীয় পথে তাদের শাসন করেন। (গীত ৩৪:১১)

৭। হে ঈশ্বর, আমরা তোমার প্রশংসা করি যে ফিনল্যান্ডে মহিলা জননেন্দ্রিয়চ্ছেদ প্রথাটিকে অবৈধ ঘোষণা করা হয়েছে এবং উচ্চ বিদ্যালয়ের মাত্র ০.২% বালিকারা তাদের প্রতি এই ঘটনা ঘটার রিপোর্ট দিয়েছে। প্রার্থনা করুন যে জনগোষ্ঠী এখনও এই প্রথাটি চালিয়ে যাচ্ছে তা যেন বন্ধ হয়।

৮। পিতা, আমরা তোমাকে ধন্যবাদ দিই যে চীন দেশের অসংখ্য মহিলারা তাদের অত্যাচারের অভিজ্ঞতাগুলি বলার জন্য সামনে এগিয়ে আসছে। ঈশ্বরের ন্যায়বিচার সম্পাদিত হওয়ার জন্য এবং অত্যাচারিত মহিলাদের প্রতি তাঁর গভীর সান্ত্বনা এবং আরোগ্য দানের জন্য আমরা প্রার্থনা করি। (২ করি ১:৩)

৯। ঈশ্বর, নতুন ইউক্রেনীয় আইনের জন্য, আমরা তোমার প্রশংসা করি যে আইন বলে যারা তাদের আত্মীয়দের উপর অত্যাচার করে তাদের আদালতে অভিযুক্ত করা হবে। (২ থিমলনকীয় ৩:৩)

১০। প্রভু, মদ, মাদক এবং অশ্লীল চিত্রে আসক্ত পোল্যান্ডের পুরুষদের কাছে পরিত্রাণ আনার জন্য এবং তাদের আসক্তিগুলি থেকে মুক্ত করার জন্য প্রার্থনা করি। তাদের পরিবারগুলিতে ধর্ষণ এবং অত্যাচারের চক্র ভেঙ্গে দাও এবং তাদের সকলের মধ্যে আরোগ্য আনো। (গীত ১৮:২)

১১। প্রভু, ভারতে ধর্ষিত মহিলাদের তাদের বিরুদ্ধে ঘটা অপরাধের বিষয়টি রিপোর্ট করার সাহস দাও যদি তারা অপরাধীকে জানে। যারা এই

ধরণের কষ্টে ভুগছে সমস্ত মহিলা এবং বালিকাদের পরিবারগুলি যেন তাদের পূর্ণরূপে সাহায্য করে, এবং দোষীকে যেন দায়ী করা হয়। (গীত ৫:১০)

১২। কোভিড - ১৯ চলাকালীন সারা বিশ্বে ঘরোয়া হিংস্রতা এবং অত্যাচারের ঘটনাগুলি নাটকীয়ভাবে বৃদ্ধি পাচ্ছে। অত্যাচারী অংশীদারের সঙ্গে ঘরের মধ্যে ফাঁদে বন্দী মহিলাদের কাছ থেকে, দক্ষিণ আফ্রিকার কেন্দ্রগুলি তিনগুণ টেলিফোন কল লাভ করছিল। পিতা, তাদের এর থেকে উদ্ধার লাভের উপায় এবং আরোগ্য দান কর। (গীত ৬৮:২০)

১৩। প্রভু, ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী সংগঠনটিকে মহিলারা যে তোমার দৃষ্টিতে মূল্যবান এবং গুরুত্বপূর্ণ সেই বিষয়টি স্পষ্টভাবে সহভাগিতা করতে সাহায্য কর। অসংখ্য মহিলারা বিশ্বাস করে যে তারা দোষী এবং হিংস্রতা ভোগ করার যোগ্য। (গীত ৯১:১৪)

১৪। প্রভু, আমরা আলবেনিয়ার ঘরোয়া হিংস্রতার অবসানের জন্য প্রার্থনা করি, যেখানে শতকরা ৫০ ভাগ মহিলারা এই অত্যাচারের অভিজ্ঞতা লাভ করেছে। অত্যাচারের সঙ্গে, গ্রামীণ এলাকার মহিলারা কলঙ্ক চিহ্ন, পৃথককরণ, সামাজিকভাবে বহিষ্করণ এবং সুযোগ সুবিধাগুলি থেকে বঞ্চিতকরণের বিষয়গুলির সম্মুখীন হতে হয়।

১৫। ঈশ্বর, ঘরোয়া হিংস্রতা এবং ধর্ষণে বিপর্যস্ত মহিলাদের সাহায্য করার জন্য তোমার মণ্ডলীকে জাগ্রত কর কারণ তাদের সাহায্য করার মত প্রায়ই কেউ থাকে না। “তুমি বোবাদিগের জন্য তোমার মুখ খোল, অনাথ সকলের জন্য খোল, ন্যায় বিচার কর, দুঃখী ও দরিদ্রের বিচার কর” (হিতোপদেশ ৩১:৮,৯)।

১৬। প্রভু, আমরা প্রার্থনা করি যাতে জার্মানীর লোকেরা ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী প্রার্থনা ক্যালেন্ডারের মাধ্যমে মহিলাদের জননেন্দ্রিয়চ্ছেদের বিষয়ে সচেতন হয়। তারা যেন এই প্রথার অবসানের জন্য প্রার্থনা করে এবং ত্রাণ সংস্থাগুলিকে আর্থিকভাবে সাহায্য করে।

১৭। প্রভু, আমরা লাইবেরিয়াতে ধর্ষণের অবসানের জন্য প্রার্থনা করি, যেখানে ১০ জন শিশু এবং মহিলাদের মধ্যে ১ জন এই অভিজ্ঞতা লাভ করেছে। পিতা, এই বিপর্যস্ত মহিলাদের সবল কর, এবং তাদেরকে মন্দতা থেকে সুরক্ষিত কর।

১৮। ঈশ্বর, কোরিয়ান বাবা মায়েরা যেন তাদের সন্তানদের বুদ্ধির সঙ্গে শাসন করতে পারে এবং তাদেরকে যেন হিংসাত্মক ঘটনার মধ্যে আনাগোনা করতে না দেয়। “আর পিতারা, তোমরা আপন আপন সন্তানদিগকে কুরুদ্ধ করিও না, বরং প্রভুর শাসনে ও চেষ্টা প্রদানে তাহাদিগকে মানুষ করিয়া তুল” (ইফি ৬:৪)।

১৯। প্রভু, আমরা প্রার্থনা করি যাতে উরুগুয়ের পুরুষরা এবং পিতারা তাদের স্ত্রী এবং সন্তানদের প্রতি হিংস্র না হয় কিন্তু তাদের সুরক্ষাকারী হয়। (২ করি ১৩:১১)

২০। প্রভু, আমরা তোমার প্রশংসা করি, বালিকারা যখন তাদের আত্মীয়দের দ্বারা ধর্ষিত হওয়ার বিষয়টি রিপোর্ট করেছিল তখন ইন্দোনেশীয় সরকার অপরাধীদের গ্রেপ্তার করেছিল। এই ঘটনাটির দ্বারা বালিকা এবং মহিলারা যেন তাদের বিরুদ্ধে এই অপরাধের বিষয়গুলি রিপোর্ট করার সাহস পায়। (গীত ৩২:৭)

২১। প্রভু, আমরা বুলগেরিয়ার মহিলাদের আরোগ্য এবং সুরক্ষার জন্য প্রার্থনা করি যাদের ৪ জনের মধ্যে ১ জন হিংস্রতার অভিজ্ঞতা লাভ করে। এই অত্যাচারের হাত থেকে মহিলাদের এবং শিশুদের উদ্ধার করতে সাহায্যকারী কেন্দ্রগুলির আর্থিক সাহায্যের জন্য প্রার্থনা করুন। (গীত ৭২:১৪)

২২। পিতা, আমরা কোট ডি ভোর-এর মহিলাদের জন্য প্রার্থনা করি যারা ঘরোয়া হিংস্রতার অভিজ্ঞতা লাভ করেছে। এই হতভাগ্য মহিলাদের সাহায্য সুনিশ্চিত করার জন্য প্রশাসনিক এবং আইনগত বিষয়ে যেন নাটকীয় উন্নতি হয়। (গীত ৭:৯)

২৩। পিতা, অত্যাচারিত মহিলা এবং শিশুদের জন্য আমাদের হৃদয় ক্রন্দন করে, তারা তাদের প্রাণ হারানোর ঝুঁকি নিয়ে জীবন যাপন করেছে। প্রাথমিকই তারা সাহায্যের অন্বেষণ করে না, কারণ তারা রক্ষা পাওয়ার মত কোনও জায়গা দেখতে পায় না। (গীত ৬৯:২৯)

২৪। পিতা, চীনদেশের প্রচারের আলোয় থাকা ব্যক্তির ধর্ষণের ঘটনায় জাতীয় প্রচণ্ড বিক্ষোভের স্ফুলিঙ্গের জন্য তোমাকে ধন্যবাদ, যা আইনতন্ত্রে পরিবর্তনের আহ্বানের দিকে চালিত করেছে কারণ সেখানে উচ্চ পদে থাকা ব্যক্তিদের আদালতে অভিযুক্ত করার আইন ছিল না। অত্যাচারিতদের দোষী সাব্যস্ত করা এবং তাদের উপর সামাজিক কলঙ্কগুলি চাপিয়ে দেওয়ার বিষয়গুলি অপসারিত হোক। (হিতোপদেশ ২৪:২৪-২৫)

২৫। প্রভু, আফ্রিকার দেশগুলিতে লিঙ্গ-ভিত্তিক হিংস্রতার বিরুদ্ধে লড়াই করার জন্য সরকারগুলি যেন সামনে এগিয়ে আসে তার জন্য প্রার্থনা করি কারণ এই জায়গাগুলিতে পরিবারের চৌহদ্দির মধ্যেই ঘরোয়া হিংস্রতার ঘটনাগুলি ঘটে। এই ব্যক্তিগত ক্ষেত্রে আইন সাধারণতঃ হস্তক্ষেপ করে না।

২৬। ফ্রান্সে, প্রতি তিন দিন অন্তর একজন করে মহিলা তার স্বামী বা সহবাসকারীর হাতে মারা যায়। সরকার দূরদর্শনে অত্যাচারের ঘটনা জানানোর জন্য আপৎকালীন আহ্বানের জন্য নম্বর দিয়েছে, কিন্তু প্রায়ই স্ত্রীরা কেবল সতর্ক করেই ছেড়ে দেয়। মহিলারা যখন সাহায্যের জন্য কারও সঙ্গে যোগাযোগ করে তখন তারা যেন অনেক দেরী হয়ে যাওয়ার আগে বিষয়টিকে গান্ধীর্ষের সঙ্গে গ্রহণ করে।

২৭। পিতা, স্বামী মনোনীত করার জন্য উরুগুয়ের মহিলাদের সুবিবেচনা দাও যারা তাদের প্রহার করার এবং হত্যা করার পরিবর্তে ভালোবাসবে এবং রক্ষা করবে। (ইফি ৫:২৮)

২৮। প্রভু, মায়েদের মধ্যে একটি বিকল্প এবং রক্ষাকারী মানসিকতা দাও এবং সাহস দাও যাতে তারা যখন জানতে পারবে যে তাদের কন্যারা আত্মীয়দের এবং বন্ধুদের দ্বারা ধর্ষিত হয়েছে এবং অপব্যবহৃত হয়েছে তখন তারা যেন সোচ্চার হতে পারে। (গীত ১২:৭)

২৯। পিতা, আমরা নেপালের দরিদ্র, অশিক্ষিত এবং নীচু জাতের লোকদের প্রতি ন্যায় বিচারের জন্য প্রার্থনা করি। হিংস্রতার সময় তারা প্রায়ই প্রতিবাদ করে না, তাদের কাছে উকিল রাখার এবং ন্যায্য সরকারী বিচারের জন্য খরচ করার মত টাকা থাকে না। (গীত ৭২:৪)

৩০। “বিনয় করি, দুষ্টগণের দুষ্টতা শেষ হউক, কিন্তু তুমি ধার্মিককে সুস্থির কর; ধর্মময় ঈশ্বর ত অন্তঃকরণ ও মর্মের পরীক্ষক” (গীত ৭:৯)।